

নটর ডেম কলেজে  
প্রকৃতি সম্মেলন  
২৩ ও ২৪ জানুয়ারি

■ সমকাল প্রতিবেদক  
নটর ডেম কলেজে আগামী ২৩ ও ২৪  
জানুয়ারি অনুষ্ঠিত হচ্ছে গ্রিন  
ইন্সপিরেশন প্রথম প্রকৃতি সম্মেলন  
২০১৫। 'কার্বন নির্গমন কমাও, সবুজ  
পৃথিবী গড়' প্রতিপাদ্য নিয়ে অনুষ্ঠিত  
দু দিনব্যাপী এ উৎসবের কর্মসূচিতে  
রয়েছে প্রকৃতি অলিম্পিয়াড, দেয়াল  
পত্রিকা উন্মোচন, প্রকৃতিবিষয়ক  
আলোকচিত্র, প্রদর্শনী, প্রকৃতি ও  
বিজ্ঞানবিষয়ক সেমিনার প্রভৃতি। এতে  
১৬টি দেশ থেকে স্কুল, কলেজ ও  
বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষক, শিক্ষার্থী,  
গবেষক, পরিবেশবিদ, বিজ্ঞানীসহ এক  
হাজারেরও বেশি জাতীয় ও আন্তর্জাতিক  
প্রতিনিধি অংশগ্রহণ করবেন। থাকছে  
বিভিন্ন জেলার বাছাইকৃত ৫০টি দেশীয়  
প্রতিনিধি দলও। উৎসবে প্রকৃতি ও  
বিজ্ঞানবিষয়ক প্রকাশনা 'নিসর্গ'-এর  
মোড়ক উন্মোচন করা হবে। কলেজের  
ন্যাচার ষ্টাডি ক্লাবসহ ১৯টি ক্লাব এ  
সম্মেলনের আয়োজন করছে। পুরো  
আয়োজনের মিডিয়া পার্টনার হিসেবে  
থাকছে দৈনিক সমকাল।